

সোনালী ব্যাংক লিমিটেড
শিল্প প্রকল্প অর্থায়ন বিভাগ-২
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রধান কার্যালয় ইস্তেহার নং- ১৬২
শিল্প প্রকল্প অর্থায়ন বিভাগ-২ এর পরিপত্র নং- ০১/২০১৪

তারিখ : ১৬ মার্চ- ২০১৪
০২ চেত্র-১৪২০

জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার/
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার/
বোর্ড ডিভিশন/সকল জেনারেল ম্যানেজার এর কার্যালয়/
স্থানীয় কার্যালয়/প্রধান কার্যালয়ের সকল বিভাগ/
সকল প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/
সংশ্লিষ্ট শাখা/স্টাফ কলেজ/সকল ট্রেনিং ইনস্টিটিউট
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

সোনালী ব্যাংক লিমিটেড
শিল্প প্রকল্প অর্থায়ন বিভাগ-২
প্রধান কার্যালয়, ঢাকা
তারিখ: ১৬/০৩/১৪
১. প্রস্তাব গ্রহণ করা
২. আলোচনা করা
৩. দ্রুত জ্ঞান দিন
৪. নির্ধারিত তারিখ
৫. প্রয়োজনীয় পদক্ষেপ দিন
৬. ... দিনের মধ্যে সম্পাদন করা
ডেপুটি জেনারেল ম্যানেজার

Mr. F. Hossain
23/3
Mr. Partha
23/3

মহোদয়,

ইটভাটার চুল্লীর দক্ষতা উন্নয়ন (Brick Kiln Efficiency Improvement) খাতে পুনঃ অর্থায়ন নীতিমালা।

উপরোক্ত বিষয়ে কৃষি ঋণ ও আর্থিক সেবাবুজি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কর্তৃক জারীকৃত ১৬ সেপ্টেম্বর, ২০১২ তারিখের এসিএফআইডি সার্কুলার নং - ০২/২০১২ এর সূত্র মাধ্যমে নিম্নে উদ্ধৃত তথ্যাদি/নির্দেশাবলী/নীতিমালা বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহকে জানানো হয়েছে।

উদ্ধৃত “ দেশের ইটভাটাগুলোতে কার্বন নির্গমন হ্রাস এবং জ্বালানির যথাযথ ব্যবহারের মাধ্যমে ইটভাটার চুল্লীর দক্ষতা উন্নয়নের মাধ্যমে পরিবেশ বান্ধব ইটভাটা স্থাপনের লক্ষ্যে এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এর আর্থিক সহযোগিতায় বাংলাদেশ ব্যাংকে একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয়েছে। উক্ত তহবিলে এডিবি'র আর্থিক সহায়তার পরিমাণ প্রায় ৫০.০০ মিলিয়ন মার্কিন ডলার/সমমূল্যের বাংলাদেশী মুদ্রা যার মধ্যে পার্ট-এ (ADB'S Ordinary Capital Resources) এর জন্য Fixed Chimney Kiln (FCK) হতে Improved Zigzag Kiln এ রূপান্তর/উন্নয়ন খাতে পুনঃঅর্থায়নযোগ্য অর্থের পরিমাণ ৩০.০০ মিলিয়ন মার্কিন ডলার/সমমূল্যের বাংলাদেশী মুদ্রা এবং পার্ট-বি (ADB'S Special Funds Resources) এর জন্য নতুনভাবে Vertical Shaft Brick Kiln (VSBK), Hybrid Hoffman Kiln (HHK) ও Tunnel Kiln নির্মাণ খাতে পুনঃঅর্থায়নযোগ্য অর্থের পরিমাণ এসডিআর ১২,৯৭২,০০০ (বার মিলিয়ন নয়শত বাহাত্তর হাজার এসডিআর) যা প্রায় ২০.০০ মিলিয়ন মার্কিন ডলার/সমমূল্যের বাংলাদেশী মুদ্রা। দেশের ইটভাটা অর্থায়নকারী যোগ্য তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে গ্রাহক পর্যায়ে ঋণ প্রদানের বিপরীতে উক্ত তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। এই তহবিলের অধীনে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে যে সব শর্ত প্রযোজ্য হবে তার পূর্ণাঙ্গ বিবরণ নিম্নরূপ :

১. আলোচ্য তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণে ০৫মার্চ, ২০১৪ তারিখে কৃষি ঋণ ও আর্থিক সেবাবুজি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর সাথে সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অংশগ্রহণ চুক্তিনামা (Participation Agreement) সম্পাদিত হয়েছে।
২. গঠিত পুনঃঅর্থায়ন তহবিলটি আবর্তনশীল হবে। এই তহবিলের আওতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো বর্ণিত খাতে কোন একক প্রকল্পে সর্বোচ্চ ৫.০০ মিলিয়ন মার্কিন ডলার/সমমূল্যের বাংলাদেশী মুদ্রায় অর্থায়ন করতে পারবে। তবে এই তহবিলের আওতায় ২.০০ মিলিয়ন মার্কিন ডলারের বেশি পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক এবং অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মাধ্যমে এডিবি (ADB) হতে পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।
৩. অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো কর্তৃক উপযুক্ত উদ্যোক্তাকে প্রদত্ত ঋণের মেয়াদ হবে রেয়াতী সময় ০৬ (ছয়) মাসসহ সর্বোচ্চ ৫ বছর।
৪. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে কোন একক প্রকল্পে প্রাক্কলিত ব্যয়ের সর্বোচ্চ ৫০% পর্যন্ত এই তহবিল হতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং উদ্যোক্তা যথাক্রমে ২০% ও ৩০% অর্থায়ন করবে। পুনঃঅর্থায়ন সুবিধা আগে আসলে আগে পাবেন ভিত্তিতে প্রদেয় হবে।
৫. বাংলাদেশ ব্যাংক প্রদত্ত পুনঃঅর্থায়নের উপর বিদ্যমান ব্যাংক রেটে (Prevailing Bank Rate) সুদ হার প্রযোজ্য হবে। এ খাতে গ্রাহক পর্যায়ে প্রদত্ত ঋণের ক্ষেত্রে বাজার ভিত্তিক সুদ হার প্রযোজ্য হবে। বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নীতিমালা ও নির্দেশনার আলোকে তহবিল ব্যয়, পরিচালন ব্যয়, ঋণ ঝুঁকি ইত্যাদি বিবেচনাপূর্বক সুদহার যুক্তিসঙ্গত পর্যায়ে নির্ধারণ করতে হবে।

২য় পৃষ্ঠায় দৃষ্টব্য

৬. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে প্রদেয় পুনঃঅর্থায়ন সুবিধার মেয়াদ হবে সর্বোচ্চ ৫ বছর। এই তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের তারিখ থেকে ০৬ মাস রেয়াতী সময়সহ সমান ৯টি ষান্মাসিক কিস্তিতে পাঁচ বছরে সুদসহ পরিশোধযোগ্য হবে। পরিশোধসূচী অনুযায়ী আদায়যোগ্য পুনঃঅর্থায়িত অর্থের কিস্তি নির্ধারিত তারিখে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের চলতি হিসাব হতে আদায়/সমন্বয় করা হবে।
৭. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরবরাহকৃত ছকে ত্রৈমাসিক ভিত্তিতে (ত্রৈমাসিক শেষে ১৫ দিনের মধ্যে) নির্বাচিত প্রকল্পে বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংক বরাবরে আবেদনপত্র দাখিল করবে। আবেদনপত্রের সাথে নির্বাচিত প্রকল্পের প্রয়োজনীয় তথ্য/দলিলাদি নির্ধারিত ছকে দাখিল করতে হবে। পুনঃঅর্থায়ন দাবীর সাথে প্রকল্পের জন্য সুনির্দিষ্ট সকল শর্ত পূরণ হয়েছে মর্মে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৮. আলোচ্য স্কীমের তহবিল ব্যবস্থাপনার সুবিধার্থে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো প্রতি ০৬ মাস সময়ের জন্য স্কীমের আওতায় নির্ধারিত খাতে সম্ভাব্য ঋণ বিতরণের পরিমাণ ও তার বিপরীতে প্রয়োজনীয় পুনঃঅর্থায়নের পরিমাণ সম্পর্কে একটি আগাম প্রাক্কলন বাংলাদেশ ব্যাংকে দাখিল করবে।
৯. বাংলাদেশ এ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড/ আইএফআরএস অনুযায়ী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো তাদের প্রকল্পসমূহের জন্য পৃথক হিসাব খুলবে। উক্ত হিসাব এবং আর্থিক বিবরণীসমূহ (ব্যালান্স সীট, আয়-ব্যয়ের হিসাব বিবরণী) বাংলাদেশ ব্যাংক এবং এডিবি কর্তৃক গ্রহণযোগ্য প্রতিযোগিতামূলক নির্বাচনী প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত অডিট ফার্ম কর্তৃক যথাযথ এ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড অনুযায়ী বছরে একবার নিরীক্ষা করাতে হবে। উক্ত নিরীক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রিপোর্ট (ইংরেজীতে) এবং সংশ্লিষ্ট হিসাব ও আর্থিক বিবরণীসমূহ নির্দিষ্ট অর্থবছর শেষ হবার ৩ মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট দাখিল করতে হবে। অর্ধবার্ষিক অ-নিরীক্ষিত হিসাব বিবরণীসমূহ অর্থবছরের সপ্তম মাসে বাংলাদেশ ব্যাংকের নিকট প্রেরণ করতে হবে এবং আর্থিক, পরিচালন ও কাঠামোগত কোন পরিবর্তন হলে তা বাংলাদেশ ব্যাংকের নিকট রিপোর্ট করতে হবে।
১০. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অংশগ্রহণ চুক্তির কোন শর্ত লঙ্ঘিত হলে এবং ভুল তথ্য প্রদানের মাধ্যমে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করা হলে উক্তরূপে গৃহীত অর্থের উপর সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে ব্যাংক রেট অপেক্ষা অতিরিক্ত ৫% হারে সুদসহ সমুদয় বকেয়া ঋণ এককালীন আদায় করা হবে।
১১. প্রকল্পের মূলধন যন্ত্রপাতিসহ অন্যান্য উপকরণ এডিবি'র সদস্যভুক্ত দেশ হতে সংগ্রহ করতে হবে। এক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।
১২. বাংলাদেশ ব্যাংক ও এডিবি পুনঃঅর্থায়ন দাবীকৃত প্রকল্পসমূহ, প্রকল্প সংশ্লিষ্ট দলিলাদি, হিসাবরক্ষণ, লেনদেন, প্রকল্প এলাকা এবং সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান যে কোন সময় পরিদর্শন করতে পারবে।
১৩. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অর্থায়িত প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি এডিবি এর নিকট রিপোর্টিং এবং পুনঃ-অর্থায়ন বাবদ গৃহীত ঋণের সদ্ব্যবহার যাচাই এর লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাবলী বাংলাদেশ ব্যাংকের নিকট ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত ছকে দাখিল করতে হবে।
১৪. সার্কুলার জারীর পরবর্তী সময়ে বিতরণকৃত ঋণের ক্ষেত্রেই কেবলমাত্র এ ঋণ সুবিধা প্রযোজ্য হবে।
১৫. আলোচ্য তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত শর্ত পূরণে সক্ষম ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে যোগ্য বলে বিবেচনা করা হবে :

- ক. Brick Kiln Energy Efficiency Improvement Project এর অর্থায়ন কার্যক্রমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অবশ্যই পরিকল্পনা কৌশল ও ঋণ নীতিমালা থাকতে হবে। পূর্বে এ খাতে অর্থায়নের সন্তোষজনক রেকর্ড থাকলে সে সব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া হবে।
- খ. CRISL (Credit Rating Information and Services Limited) বা ADB এর নিকট গ্রহণযোগ্য কোন রেটিং এজেন্সী কর্তৃক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের ন্যূনতম বিবিবি- (BBB-) ক্রেডিট রেটিং থাকতে হবে।
- গ. প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংকের প্রযোজ্য নির্দেশনা এবং প্রুডেনশিয়াল গাইডলাইনস পরিপালনে সক্ষম হতে হবে। বিশেষতঃ ন্যূনতম ঝুঁকিভিত্তিক মূলধন সংরক্ষণ, সম্পদের সন্তোষজনক উপার্জন ক্ষমতা বজায় রাখা, আর্থিক অভিঘাত সহনীয় পর্যায়ে শ্রেণীকৃত ঋণের হার বজায় রাখা, সম্পদের ক্ষতির যথাযথ সংস্থান রাখাসহ মানি লন্ডারিং প্রতিরোধ আইন পরিপালনে সক্ষমতা থাকতে হবে।
- ঘ. অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের এডিবি'র শর্ত অনুযায়ী পরিবেশগত ও সামাজিক নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতি (Environmental and Social Safeguards Management System) থাকতে হবে এবং পরিবেশগত ও সামাজিক নিরাপত্তা ইস্যু চিহ্নিতকরণ, প্রতিকার, পরিপালন এবং তত্ত্বাবধানের জন্য প্রশিক্ষিত জনবল থাকতে হবে।
- ঙ. অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে কর্পোরেট গভর্নেন্স বিধিমালা ও নির্দেশনা পরিপালন করতে হবে যার মধ্যে কর্পোরেট গভর্নেন্স এর উদ্দেশ্য, স্ট্রাটাজিক কাঠামো ও কার্যকর কৌশল চিহ্নিতকরণ, তত্ত্বাবধান, ব্যবসায়িক ঝুঁকি ব্যবস্থাপনা, ডিসক্লোজার বৃদ্ধি এবং বিধিবদ্ধ বিধানাবলী পরিপালন নিশ্চিতকরণ অন্তর্ভুক্ত থাকবে।
- চ. প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের সঠিক ঝুঁকি ব্যবস্থাপনার (ঋণ ঝুঁকি, দায়-সম্পদ ঝুঁকি ও পরিচালন ঝুঁকিসহ অন্যান্য ঝুঁকি) বাস্তব সক্ষমতা থাকতে হবে।

- ছ. অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের Brick Kiln Energy Efficiency Improvement Project এ অর্থায়নের জন্য সিনিয়র ম্যানেজমেন্ট অথবা পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত একটি ব্যবসায়িক পরিকল্পনা থাকতে হবে। উক্ত পরিকল্পনায় প্রত্যাশিত ও উপযুক্ত উদ্যোক্তা নির্বাচন এবং প্রকল্প বাস্তবায়নের জন্য নিজস্ব ব্যবস্থাপনার (পর্যাপ্ত ও প্রশিক্ষিত জনবল নিয়োগ, প্রকল্প মূল্যায়ন, নতুন প্রকল্প অনুমোদন এবং মনিটরিং) বিষয়টি অন্তর্ভুক্ত থাকতে হবে।
- জ. অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে আর্থিকভাবে সক্ষম হতে হবে এবং উত্তম আর্থিক ব্যবস্থাপনা নীতি অনুযায়ী পরিচালিত হতে হবে। প্রকল্পের আর্থিক, কারিগরী, পরিবেশগত ও অর্থনৈতিক সম্ভাব্যতা যাচাইয়ে বাংলাদেশ ব্যাংক ও এডিবি'র নিকট গ্রহণযোগ্য ঝগ ও বিনিয়োগ নীতিমালা গ্রহণ, প্রকল্প বাস্তবায়ন, তত্ত্বাবধান ও ঝগ আদায় তদারকি করতে হবে।

১৬. উপযুক্ত উদ্যোক্তা/প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী :

- ক. 'পার্ট-এ' তে Fixed Chimney Kiln (FCK) হতে Improved Zigzag Kiln এ রূপান্তর/উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ পরিবেশ অধিদপ্তরের অনুমোদিত নমুনা মোতাবেক চিমনি নির্মাণ করতে হবে এবং এ বিষয়ে যাবতীয় তথ্য বাংলাদেশ পরিবেশ অধিদপ্তরের ওয়েবসাইটে (www.doe-bd.org) পাওয়া যাবে।
- খ. 'পার্ট-বি' তে নতুনভাবে Vertical Shaft Brick Kiln (VSBK), Hybrid Hoffman Kiln (HHK) ও Tunnel Kiln নির্মাণের ক্ষেত্রে বাংলাদেশ পরিবেশ অধিদপ্তরের অনুমোদিত নমুনা মোতাবেক চিমনি নির্মাণ করতে হবে অথবা চিমনির নকশা ও নির্মাণ শৈলী আন্তর্জাতিক মানসম্পন্ন হলেও গ্রহণযোগ্য হবে।
- গ. এডিবি এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরবর্তী কোন নির্দেশনা প্রদান না করা পর্যন্ত প্রকল্পের "পার্ট-বি" এর আওতায় উপযুক্ত প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে পর্যায়ক্রমে সর্বপ্রথমে Tunnel Kiln, এরপর Hybrid Hoffman Kiln (HHK) এবং সবশেষে Vertical Shaft Brick Kiln (VSBK) প্রযুক্তি সম্পন্ন প্রকল্পকে প্রাধান্য দেয়া হবে।
- ঘ. প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ADB Safeguard Policy Statement অনুসারে কোন ব্যক্তি বা ক্ষুদ্র জাতিগোষ্ঠীকে উচ্ছেদ করা যাবে না।
- ঙ. ADB Environmental Assessment Guidelines-2003 (as revised from time-to-time) অনুযায়ী প্রকল্পটিতে পরিবেশগত কোন বিরূপ প্রভাব থাকবে না।
- চ. উদ্যোক্তা প্রতিষ্ঠানকে প্রকল্প স্থাপন, বাস্তবায়ন ও পরিচালনার ক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত দেশের প্রচলিত আইন এবং আন্তর্জাতিক শ্রম আইনের মানদণ্ডে উল্লিখিত বিষয়সমূহ যেমন : ১) শিশু শ্রম নিষিদ্ধকরণ, ২) লিঙ্গ, বর্ণ, গোত্র জাতি নির্বিশেষে সমান কাজের জন্য সমান মজুরি নির্ধারণ, ৩) বাধ্যতামূলক শ্রম বাতিল, ৪) সংঘ/সমিতি গঠনের অধিকার প্রদান ইত্যাদি পরিপালন করতে হবে।
- ছ. Gender Action Plan (GAP) এর সংশ্লিষ্ট শর্তসমূহ যেমন : ১) গৃহীত প্রকল্পের মোট জনবলের ১০% নারী শ্রমিক নিয়োগ ২) শ্রমিক নিয়োগের ক্ষেত্রে FCK বন্ধ হওয়ার দরফন ক্ষতিগ্রস্ত নারী শ্রমিকগণকে অগ্রাধিকার প্রদান ৩) সমান কাজের জন্য সমান মজুরি নির্ধারণ ৪) নারী এবং পুরুষ শ্রমিকের জন্য অন্যান্য সুবিধাদি সমভাবে নিশ্চিত করতে হবে।
- জ. উদ্যোক্তা প্রতিষ্ঠানকে Economically and Financially Viable হতে হবে।
- ঝ. ADB Safeguard Policy Statement (<http://www.adb.org>-এ সংযুক্ত) অনুসারে অর্থায়নযোগ্য নয় এমন কোন খাতে আলোচ্য প্রকল্পের অর্থ ব্যয় করা যাবে না।

১৭. 'পার্ট-এ' এর ক্ষেত্রে উপযুক্ত উদ্যোক্তা নির্বাচনের জন্য প্রযোজ্য শর্তাবলী :

- ক. উপযুক্ত কর্তৃপক্ষের লাইসেন্স প্রাপ্তি এবং অনুমোদনক্রমে Fixed Chimney Kiln (FCK) খাতের প্রকল্প পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।
- খ. প্রকল্পের প্রাক্কলিত খরচের কমপক্ষে ৩০% উদ্যোক্তাকে প্রারম্ভিকভাবে বহন করতে হবে।
- গ. উদ্যোক্তাকে লিখিতভাবে প্রতিশ্রুতি দিতে হবে যে, তিনি Improved Zigzag Kiln, VSBK, HHK ও Tunnel Kiln এর স্বত্বাধিকারীই থাকবেন বা এ প্রকল্পই পরিচালনা করবেন এবং প্রকল্পের মেয়াদ শেষে Bull's Trench Kiln, Greenfield Zigzag Kiln বা FCK এর ন্যায় কর্মক্ষমতাসম্পন্ন প্রকল্পের স্বত্বাধিকারী হবেন না বা এ প্রকল্পগুলো পরিচালনা করবেন না।
- ঘ. উদ্যোক্তাকে অংশগ্রহণ চুক্তি এবং লিখিত প্রতিশ্রুতি মোতাবেক উপযুক্ত প্রকল্প বাস্তবায়নে সক্ষম হতে হবে।


১৮. 'পার্ট-বি' এর ক্ষেত্রে উপযুক্ত উদ্যোক্তা নির্বাচনের জন্য প্রযোজ্য শর্তাবলী :

- ক. উদ্যোক্তাকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে এবং ইট প্রস্তুত ও ইটভাটা পরিচালনা/নির্মাণ সামগ্রী প্রস্তুতের কাজে পূর্বের অন্তত ৩ বছরের সন্তোষজনক রেকর্ড থাকতে হবে।
- খ. প্রস্তাবিত প্রকল্পের নির্মাণ ও পরিচালনার জন্য সন্তোষজনক ব্যবসায়িক কর্মপরিকল্পনা দাখিল করতে হবে।
- গ. প্রকল্পের প্রাক্কলিত খরচের কমপক্ষে ৩০% উদ্যোক্তাকে প্রারম্ভিকভাবে বহন করতে হবে।

- ঘ. আর্থিক ও বানিজ্যিকভাবে সক্ষমতা অর্জনের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত শর্তগুলো পরিপালন করতে হবে।
- ঙ. উদ্যোক্তাকে লিখিতভাবে প্রতিশ্রুতি দিতে হবে যে, তিনি Improved Zigzag Kiln, VSBK, HHK ও Tunnel Kiln এর স্বত্বাধিকারী থাকবেন বা এ প্রকল্পই পরিচালনা করবেন এবং প্রকল্পের মেয়াদ শেষে Bull's Trench Kiln, Greenfield Zigzag Kiln বা FCK এর ন্যায় কর্মক্ষমতাসম্পন্ন প্রকল্পের স্বত্বাধিকারী হবেন না বা এ প্রকল্পগুলো পরিচালনা করবেন না।
- ঘ. উদ্যোক্তাকে অংশগ্রহণ চুক্তি এবং লিখিত প্রতিশ্রুতি মোতাবেক উপযুক্ত প্রকল্প বাস্তবায়নে সক্ষম হতে হবে।
১৯. ঋণগ্রহীতা নির্বাচন, ঋণ মঞ্জুরী, ঋণ বিতরণ ও আদায়, দলিল সম্পাদন, ঋণের বিপরীতে বীমাকরণ, ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকরণ ও তদারকির কার্যাদি ঋণ প্রদানকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব বিধিবিধান অনুযায়ী পরিচালিত হবে। বিতরণকৃত ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ বিতরণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের উপর ন্যস্ত থাকবে। ঋণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনা পরিশোধের কোন সম্পর্ক থাকবে না।
২০. পুনঃঅর্থায়ন সংক্রান্ত উল্লিখিত শর্তাদির প্রয়োজনীয় সংযোজন, বিয়োজন ও পরিমার্জনের অধিকার বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে।” অনুদ্ধৃত।
- ২.০০ ৪ আলোচ্য উপখাতে বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন তহবিল ব্যবহার করে ঋণ প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদির প্রতি ব্যাংকের সংশ্লিষ্ট সবাইকে বিশেষ খেয়াল রাখতে হবে :
- ০১ উপরোক্ত পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এবং সোনালী ব্যাংক লিমিটেড এর মধ্যে ০৫ মার্চ, ২০১৪ তারিখে একটি অংশগ্রহণ চুক্তি ((Participation Agreement) সম্পাদিত হয়েছে।
- ০২ শিল্প খাতের প্রকল্প মঞ্জুরীর ক্ষেত্রে ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণ, মূল্যায়ন, মঞ্জুরী, ঋণ বিতরণ, আদায় ইত্যাদির ক্ষেত্রে ব্যাংকের প্রয়োজ্য প্রচলিত নীতিমালা এবং বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত ০২/২০১২ এসিএফআইডি সার্কুলারে বিধৃত নীতি/নির্দেশনা আলোচ্য ইউভাটার চুল্লীর দক্ষতা উন্নয়ন সংশ্লিষ্ট প্রকল্প ঋণ মঞ্জুরী ক্ষেত্রে প্রয়োগযোগ্য হবে।
- ০৩ বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত ০২/২০১২ সার্কুলার অনুযায়ী পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় অনুমোদিতব্য প্রকল্পের মূলধন যন্ত্রপাতিসহ অন্যান্য উপকরণ এডিবি'র সদস্যভুক্ত দেশসমূহ থেকে সংগ্রহের নির্দেশনা থাকায় এডিবি'র সদস্যভুক্ত দেশসমূহের তালিকা এতদসঙ্গে সংযুক্ত 'ক'- পরিশিষ্টে প্রদান করা হয়েছে।
- ০৪ ব্যাংকের শিল্প খাতের প্রকল্প ঋণমঞ্জুরী কার্যক্রম পরিচালনায় নিয়োজিত শাখাসমূহে আলোচ্য উপখাতের প্রকল্প ঋণ প্রস্তাব গ্রহণ/প্রক্রিয়াকরণ/সুপারিশ সহকারে সংশ্লিষ্ট মঞ্জুরকারী কর্তৃপক্ষ/অফিস সমীপে প্রস্তাব প্রেরণ করবে।
- ০৫ আলোচ্য উপখাতের মঞ্জুরীকৃত প্রকল্পের অনুকূলে ব্যাংক থেকে প্রথমে প্রকল্প ঋণহিসাব ডেবিট করে ঋণ বিতরণ করে প্রামাণিক কাগজপত্রাদি/তথ্যাদি ঋণ বিতরণের ৭ (সাত) দিনের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। প্রেরিত তথ্যাদি/কাগজপত্রের ভিত্তিতে প্রধান কার্যালয় কর্তৃক বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছকে ত্রৈমাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট প্রকল্পে বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদন দাখিল করতে হবে।
- ০৬ বাংলাদেশ ব্যাংক থেকে প্রাপ্ত পুনঃঅর্থায়ন তহবিল ব্যাংকের ট্রেজারী ম্যানেজমেন্ট ডিভিশনের মাধ্যমে TRA এর মাধ্যমে সংশ্লিষ্ট বিতরণকারী ব্যাংক শাখায় প্রেরণ করা হবে। সংশ্লিষ্ট শাখা প্রকল্পের নামে “Bangladesh Bank Refinance on Brick Kiln Efficiency Improvement Project- A/C (সংশ্লিষ্ট প্রকল্পের নাম)” শীর্ষক একটি পৃথক চলতি হিসাব খুলে উক্ত তহবিলের অর্থ জমা রাখতে হবে। গৃহীত পুনঃ অর্থায়ন ঋণের কিস্তির আসল (Principal) অর্থ এই চলতি হিসাব ডেবিট করে বাংলাদেশ ব্যাংক-কে পরিশোধ করতে হবে। অপরদিকে কিস্তির সুদের অর্থ পরিশোধের ক্ষেত্রে শাখার সুদ হিসাব ডেবিট করে বাংলাদেশ ব্যাংককে পরিশোধ করতে হবে (এবিষয়ে পরবর্তীতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের নাম জানিয়ে দেয়া হবে, যে বিভাগ বরাবরে শাখা TRA প্রেরণ করে পরিশোধ কার্যক্রম সম্পাদন করবে)।
- ০৭ এই পুনঃ অর্থায়ন স্কীমের আওতায় ঋণ গ্রহণে আগ্রহী সম্ভাবনাময়/প্রতিশ্রুতিশীল উদ্যোক্তাদেরকে স্কীমের বিষয়বস্তু যথোপযুক্ত ভাবে জানিয়ে দিতে হবে।
- ৩.০০ ৪ উপরোক্ত নীতিমালা/নির্দেশনা/পরামর্শের আলোকে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহন এবং আলোচ্য উপখাতে ঋণমঞ্জুরী বিতরণ ও আদায় সংশ্লিষ্ট কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং এর জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে পরামর্শ দেয়া হলো।



(ফনীন্দ্র দিবেদী)
জেনারেল ম্যানেজার



(মোঃ কুয়াশি-উর-রহমান)
ডেপুটি জেনারেল ম্যানেজার

NAME OF THE MEMBERS OF ASIAN DEVELOPMENT BANK (ADB)

<u>Name of Members.</u>	<u>Year of Membership</u>
<u>A. Regional Members</u>	
Afghanistan	1966
Armenia	2005
Australia	1966
Azerbaijan	1999
Bangladesh	1973
Bhutan	1982
Brunei Darussalam	2006
Cambodia	1966
people's Republic of China	1986
Cook Islands	1976
Fiji	1970
Georgia	2007
Hong Kong, China	1969
India	1966
Indonesia	1966
Japan	1966
Kazakhstan	1994
Kiribati	1974
Korea, Republic of	1966
kyrgyz Republic	1994
Lao PDR	1966
Malaysia	1966
Maldives	1978
Marshall Islands	1990
Micronesia, Federated States of	1990
Mongolia	1991
Myanmar	1973
Nauru	1991
Nepal	1966
New Zealand	1966
Pakistan	1966
Palau	2003
Papua New Guinea	1971
Philippines	1966
Samoa	1966
Singapore	1966
Solomon Island	1977
Sri Lanka	1966
Taipei, China	1966
Tajikistan	1998
Thailand	1966
Timor-Leste	2002
Tonga	1972
Turkmenistan	2000
Tuvalu	1993
Uzbekistan	1995
Vanuatu	1981
Viet Nam	1966
<u>B. Non-Regional Members</u>	
Austria	1966
Belgium	1966
Canada	1966
Denmark	1966
Finland	1966
France	1970
Germany	1966
Ireland	2006
Italy	1966
Luxembourg	2003
The Netherlands	1966
Norway	1966
Portugal	2002
Spain	1986
Sweden	1966
Switzerland	1967
Turkey	1991
United Kingdom	1966
United States	1966

-----o-----
-----

